# ব্রি ধান৪৪

## জাত পরিচিতি

ব্রি ধান৪৪ একটি আমন ধানের জাত। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট ২০০৫ সালে এ জাতটি উদ্ভাবন করে। এ ধান দক্ষিণ অঞ্চলের কৃষকদের কাছে জনপ্রিয়। বিআর১১-এর মতই এ ধান স্বাভাবিক রোপা আমনে চাষ করা যায় তবে অলবণাক্ত জোয়ার-ভাটা এলাকায় যেখানে ৫০-৬০ সেন্টিমিটার পর্যন্ত জোয়ারের পানি আসে সেখানে চাষ উপযোগী।



ব্রি ধান৪৪

## জাতের বৈশিষ্ট্য

- এ ধানের গাছ ১২৫-১৩০ সেন্টিমিটার উঁচু হয়।
- গাছ হেলে পড়ে না।
- ধান মোটা ও উজ্জ্বল সোনালী বর্ণের।
- এ ধানের চাল মোটা।

## এ জাতের বিশেষ প্রয়োজনীয়তা

ব্রি ধান৪৪ যদিও দেশের বিভিন্ন অঞ্চলে চাষযোগ্য তবুও বাংলাদেশের দক্ষিণাঞ্চলের অলবণাক্ত জোয়ার-ভাটা কবলিত এলাকার জন্য বিশেষভাবে উপযোগী। ফলন স্থানীয় জাত মৌলতার চেয়ে প্রায় দ্বিগুণ বেশী এবং ঐ অঞ্চলে বিআর১১ ও ব্রি ধান৩১-এর চেয়ে হেক্টর প্রতি ১ টন বেশী। জাতটি বিআর১১-এর চাইতে ১০-১৫ সেন্টিমিটার লম্বা হওয়া সত্ত্বেও কান্ড শক্ত থাকায় সহজে হেলে পড়ে না। চাল মোটা হওয়ায় সাধারণ কৃষকের কাছে বেশ প্রিয়।

## জীবনকাল

এর জীবনকাল প্রায় ১৪৫ দিন।

কৃষকের পর্যবেক্ষণ : ব্রি ধান৪৪-এর গাছ জোয়ারের পানি বৃদ্ধির সাথে সাথে বৃদ্ধি পায়। এতে ইউরিয়া সারের প্রয়োজনও কম।

## ফলন

হেক্টর প্রতি ফলন প্রায় ৬.৫ টন।

## চাষাবাদ পদ্ধতি

১. **বীজতলায় বীজ বপন :** ১০-৩০ আষাঢ় (২৫ জুন-১৫ জুলাই)

২. **চারার বয়স :** ৩৫-৪০ দিন।

৩. **রোপণ সময় :** ১ শ্রাবণ-১৫ ভাদ্র (জুলাই থেকে মধ্য আগস্ট)।

৪. **রোপণ দূরত্ব :** ২০ X ১৫ সেন্টিমিটার।

৫. **সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা) :**

| ৫.১ ইউরিয়া | টিএসপি | এমপি | জিপসাম | জিঙ্ক |
|---|---|---|---|---|
| ২০ | ১২ | ৯ | ৮ | ১.৫ |

৫.২ ইউরিয়া ছাড়া অন্যান্য সব সার জমি তৈরির শেষ পর্যায়ে প্রয়োগ করতে হবে। ইউরিয়া সমান তিন কিস্তিতে জমি তৈরির শেষ পর্যায়ে, রোপণের ২০-২৫ এবং ৫৫ দিন পর প্রয়োগ করতে হবে।

৫.৩ ইউরিয়া উপরি প্রয়োগ করা না গেলে গুটি ইউরিয়া ব্যবহার করা যেতে পারে। তবে এলসিসি ব্যবহার করে ইউরিয়া প্রয়োগ করা উত্তম।

৬. **আগাছা দমন :** রোপণের পর ৩০-৪০ দিন পর্যন্ত জমি আগাছামুক্ত রাখতে হলে দু'বার আগাছা নিড়ানোর প্রয়োজন।

৭. **সেচ ব্যস্থাপনা :** রোপা আমন হিসেবে চাষ করলে সেচ অত্যাবশ্যক নয়। কিন্তু উঁচু জমিতে চাষ করলে কাইচ থোর আসার সময় একটি সেচের দরকার হয়।

৮. **রোগ বালাই দমন :** ব্রি ধান৪৪ কিছুটা টুংরো রোগ প্রতিরোধী। অনুমোদিত দমন ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

৯. **ফসল কাটা :** ১৫-২৫ অগ্রাহায়ণ (৩০ নভেম্বর-১০ ডিসেম্বর)।

ব্রি বাংলাদেশ ধান গবেষণা

আরো তথ্যের জন্য ঃ
পরিচালক (গবেষনা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@brri.gov.bd